



জাতীয় বিশ্ববিদ্যালয়

বাংলাদেশ

পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর

নির্ধারিত সময়সূচি

প্রবেশপত্র ডাউনলোড

প্রিন্ট করা

প্রবেশপত্র

তারিখ : ২৫/০৬/২০২৬

স্মারক নং-জাতী: বি:/পনি/মাপি/বিজ্ঞপ্তি/২০২৬/৪৬০

২০২৩ সালের প্রিলিমিনারি টু মাস্টার্স পরীক্ষার প্রবেশপত্র ডাউনলোড

মুদ্রণ ও পরীক্ষার্থীদের মধ্যে বিতরণ সংক্রান্ত জরুরী বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২৩ সালের প্রিলিমিনারি টু মাস্টার্স পরীক্ষা Examination Management System (EMS) Software-এর মাধ্যমে আগামী ০৯/০৭/২০২৬ তারিখ হতে অনুষ্ঠিত হবে। উক্ত পরীক্ষার প্রবেশপত্রে পরীক্ষা নিয়ন্ত্রকের ডিজিটাল স্বাক্ষরসহ ২৯/০৬/২০২৬ তারিখ দুপুর ১২:০০ টায় প্রকাশ করা হবে। সংশ্লিষ্ট সকল কলেজ কর্তৃপক্ষকে প্রবেশপত্র ডাউনলোড করে প্রিন্ট নিয়ে প্রবেশপত্রের নির্ধারিত স্থানে অধ্যক্ষের সীলসহ স্বাক্ষর প্রদান করে পরীক্ষার্থীদের নিকট বিতরণ করতে হবে। প্রবেশপত্র বিতরণের সময় অবশ্যই প্রবেশপত্রের ছবির সাথে পরীক্ষার্থীর চেহারা মিলিয়ে নিতে হবে এবং রেজি: ও রোল নম্বর সঠিক আছে কিনা যাচাই করে প্রবেশপত্র বিতরণের ব্যবস্থা নিতে হবে।

উল্লেখ্য যে, কোন বৈধ পরীক্ষার্থীর প্রবেশপত্র পাওয়া না গেলে বা প্রবেশপত্রে কোন প্রকার ভুল-ত্রুটি দৃষ্টিগোচর হয় তাহলে ০৩ দিনের মধ্যে অধ্যক্ষের সুপারিশসহ পরীক্ষা নিয়ন্ত্রক, জাতীয় বিশ্ববিদ্যালয় বরাবর আবেদন করে সংশোধন করে নিতে হবে।

বি:দ্র: রোল বিবরণী ও হাজিরা শীট Examination Management System (EMS) Software-এর কলেজ প্যানেল থেকে ডাউনলোড করে প্রিন্ট কপি নির্ধারিত কেন্দ্রে সরবরাহের ব্যবস্থা নিতে হবে।

প্রবেশপত্র ডাউনলোড করার লিংক :

১. যে কোন ব্রাউজারের এড্রেসবারে <http://ems.nu.ac.bd/> টাইপ করে Examination Management System (EMS)-এর সফটওয়্যারের ওয়েবপোর্টালে প্রবেশ করতে হবে।
৪. হোম পেইজের "College Login (Admin)" মেনুতে ক্লিক করে কলেজ কোড (xxxx) এবং পাসওয়ার্ড (xxxxxxxx) দিয়ে প্রবেশ করতে হবে। কলেজ লগইন এডমিনের পাসওয়ার্ড ইতিমধ্যে সকল কলেজ কর্তৃপক্ষকে সরবরাহ করা হয়েছে।
৫. কলেজ পেনেলের বাম পাশের মেনুবার থেকে "Admit Card" মেনুতে ক্লিক করে "Select Exam" এ পরীক্ষার নাম বা কোড (4301-Preliminary to Masters-2023) লিখে "Search" বাটনে ক্লিক করলে "Admit Card By Subject" টেবিলে প্রবেশপত্র, হাজিরা শীট, রোল বিবরণী শীট পাওয়া যাবে এবং এগুলো ডাউনলোড করে প্রিন্ট করতে হবে।

(মোঃ এনামুল করিম)

পরীক্ষা নিয়ন্ত্রক

জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ

ফোন : ০২-৯৯৬৬৯১৫১৭

ই-মেইল : controller@nu.ac.bd